Room to Read

Room to Read Bangladesh
House 31 (4th - 6th floors), Road 4
Block F, Banani Model Town, Dhaka 1213
bangladesh@roomtoread.org | +88 02 2222 70322

WORLD CHANGE STARTS WITH EDUCATED CHILDREN®

# প্রতিষ্ঠান প্রোফাইল

১। প্রতিষ্ঠানের নাম: **রুম টু রিড বাংলাদেশ**

২। পরিচিতি: রুম টু রিড বাংলাদেশ একটি আর্ন্তজাতিক সংস্থা। এটি এশিয়া ও আফ্রিকা মহাদেশের ২৯টি দেশে শিশুদের মানসম্মত শিক্ষা সহায়তা প্রদানের জন্য কাজ করছে। বাংলাদেশে সংস্থাটি ২০০৯ সাল থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এনজিও বিষয়ক ব্যুরো, প্রাথমিক শিক্ষ অধিদপ্তর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদনক্রমে ২০২৫ সাল পর্যন্ত সিরাজগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, ঢাকা, নাটোর, কক্সবাজার, মৌলভীবাজার, নড়াইল ও ঝালকাঠি জেলার ৩২৫২টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ২৩ লক্ষাধিক শিশু প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আমাদের শিক্ষা সহায়তা পেয়েছে। ২০২৫ সাল পর্যন্ত, রুম টু রিড দ্বারা দেশব্যাপী প্রশিক্ষিত হয়েছেন মোট ২৪,১৫৩ শিক্ষক। শিশুদের জন্য প্রকাশিত হয়েছে ২৩২টি আকর্ষণীয় গল্পের বই। মুদ্রণ ও বিতরণ করা হয়েছে ৩৫ লক্ষ ৬৭ হাজার কপি সাক্ষরতা সহায়ক গল্পের বই। শ্রেণিকক্ষ পাঠাগার স্থাপন করা হয়েছে ২০,০১৩টি। ২০২৬ সালে কক্সবাজারে ১৫৮টি, হবিগঞ্জে ১৪৯টি, জামালপুরে ৫০টি, ময়মনসিংহে ৩০টি, মৌলভীবাজারে কুলাউড়া ও জুড়ী উপজেলায় ১৭৬টি, মৌলভীবাজার সদরের ২০টি প্রাথমিক বিদ্যালয় এবং নরসিংদীতে ২০টি প্রাথমিক বিদ্যালয়ে সাক্ষরতা কার্যক্রম শুরু হয়েছে। পাশাপশি "জেন্ডার ইক্যুয়ালিটি পোর্টফোলিও" কার্যক্রমের আওতায় জেন্ডার সমতা নিশ্চিতকরণে এ পর্যন্ত ১৮,২৪২ জন শিক্ষার্থী যুক্ত হয়েছে। জীবন দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ পেয়েছেন ৫০৬ জন শিক্ষক ও প্রশিক্ষক। ২০২২ সাল থেকে জুড়ী উপজেলায় ৮ টি মাধ্যমিক বিদ্যালয়ে ৭০০ জন শিক্ষার্থীর সাথে জেন্ডার ইক্যুয়ালিটি পোর্টফোলিও" কার্যক্রমের আওতায় জীবন দক্ষতা শিক্ষাসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদানের মাধ্যমে সফলভাবে কার্যক্রম বাস্তবায়ন করেছে। ২০২৫ সাল পর্যন্ত বিশ্বের প্রায় ৫০ মিলিয়ন শিশুর শিক্ষা সহায়তায় রুম টু রিড সমর্থ হয়েছি। ২০২৬ সালে মৌলভীবাজার জেলার রাজনগর, কমলগঞ্জ, কুলাউড়া, সদর ও জুড়ী উপজেলার ৩৯৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও জুড়ী উপজেলার ৮টি মাধ্যমিক বিদ্যালয়ে কার্যক্রম চলমান।

৩। প্রতিষ্ঠাকাল (নিবন্ধন অনুসারে): ২০০৮ খ্রি.

৪। নিবন্ধন নং: ২৩৭৬

৫। নিবন্ধন প্রদানকারী সংস্থার নাম: NGO AFFAIRS BUREAU

৬। নিবন্ধনের তারিখ: ১০/০৭/২০০৮ খ্রি.

৭। সংস্থার প্রধানের নাম ও পদবি: ড. গীতা মুরালি, সিইও।

৮। রুম টু রিড প্রধান কার্যালয়ের ঠিকানা: (ফোন, ই-মেইল ও ওয়েবসাইটসহ) ৬৫ ক্যালিফোর্নিয়া স্ট্রীট, স্যুট ১০০০, সানফ্রান্সিসকো সি এ ৯৪১০৪, যুক্তরাষ্ট্র। ই-মেইল info@roomtoread.org, ওয়েবসাইট: www.roomtoread.org

Room to Read Bangladesh
House 31 (4th - 6th floors), Road 4
Block F, Banani Model Town, Dhaka 1213
bangladesh@roomtoread.org | +88 02 2222 70322

WORLD CHANGE STARTS WITH EDUCATED CHILDREN®

৯। রুম টু রিড বাংলাদেশ অফিসের ঠিকানা: রাখি সরকার, কান্ট্রি ডিরেক্টর, রুম টু রিড বাংলাদেশ, বাড়ি নম্বর-৩১ (৫ম-৭ম তলা), সড়ক নম্বর-৪, ব্লক-এফ, বনানী মডেল টাউন, ঢাকা-১২১৩।
ফোন নম্বর +৮৮০২২২২২৭১২০১। ই-মেইল bangladesh@roomtoread.org, ওয়েবসাইট www.roomtoread.org

১০। মৌলভীবাজার জেলা অফিসের ঠিকানা: রতন চক্রবর্ত্তী, ফিল্ড ম্যানেজার, হাজি আব্দুল বারী ও ফাতেমা ভিলা, জুড়ী রোড, উত্তর কুলাউড়া (উত্তর কুলাউড়া উচ্চ বিদ্যালয়ের উত্তর পার্শ্বে)

১১। কর্ম এলাকা: মৌলভীবাজার জেলার কুলাউড়া, সদর, রাজনগর, কমলগঞ্জ ও জুড়ী উপজেলা।

১২। রুম টু রিড এর ভিশন ও মিশন:

**ভিশন:** আমরা নিরক্ষরতা ও জেন্ডার বৈষম্যমুক্ত এক বিশ্বের স্বপ্ন দেখি যেখানে সকল শিশুর পড়ার শেখার ও বেড়ে ওঠার সুযোগ আনবে স্থায়ী পরিবর্তন।

**মিশন:** শিশুদের শিখনের মৌলিক দক্ষতা বৃদ্ধি করাই রুম টু রিড-এর মুল লক্ষ্য।

১৩। **মৌলভীবাজার জেলায় ২০২৬ সালের জন্য গৃহীত কার্যক্রসমূহ-**

ক. ০৮ টি মাধ্যমিক বিদ্যালয়ের ৬৩৭ জন মেয়ে শিশুদের নিয়ে ৪২০ টি জীবন দক্ষতা বিষয়ক সেশন পরিচালনা করা

খ. ০৮ মাধ্যমিক বিদ্যালয়ের ৬৩৭ জন মেয়ে শিশুদের জন্য ২৭০ টি দলীয় মেন্টরিং সেশন পরিচালনা

গ. মেয়ে শিশুদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণে ও ঝড়ে পড়া রোধে চাহিদা নিরূপন অনুসারে শিক্ষা উপকরণ ও অন্যান্য সহায়তা (স্কুল ড্রেস, গ্রামার বই, জুতা, স্কুল ফি, পরীক্ষা ফি, যাতায়াত ফি, পরীক্ষা প্রস্তুতিমূলক সহায়তা, ভর্তি ফি, রেজিস্ট্রেশন ফি) প্রদান

ঘ. মেয়েশিশুর শিক্ষার উন্নয়নে পরিবার ও সমাজের সম্পৃক্ততা নিশ্চিতকরণে ২,০০০ জন অংশগ্রহণকারীদের নিয়ে সভা/ অধিবেশন পরিচালনা করা

ঙ. ৮টি মাধ্যমিক বিদ্যালয়ের ৩২ জন শিক্ষকদের জীবনদক্ষতা শিক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান

চ. ৩৭৬ টি প্রাথমিক বিদ্যালয়ের ১ম শ্রেণির বাংলা বিষয়ে ৩৮৫ জন শিক্ষকদের পঠন দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান

ছ. ৩৭৬ টি প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণির বাংলা বিষয়ে ৩৯০ জন শিক্ষকদের পঠন দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান

জ. ৩৭৬ টি প্রাথমিক বিদ্যালয়ের ১২৬৮ টি শ্রেণিকক্ষে ছাপা সমৃদ্ধ শিখন পরিবেশ উন্নয়নে সহায়তা প্রদান

ঝ. ৩৭৬ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক, ১ম ও ২য় শ্রেণির ২৭,৪৩৩ জন শিক্ষার্থীদের জন্য শিক্ষা সহায়ক পুস্তক প্রদান

ঞ. ৩৭৬ টি প্রাথমিক বিদ্যালয়ে ১২৬৮ টি শ্রেণিকক্ষে বুক শেলফ সংস্কার কাজে সহায়তা করা

ট. ৩৭৬ টি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিশুদের পড়ার অভ্যাস বাড়ানোর জন্য ১২৬৮ টি শাখাভিত্তিক পাঠাগারের জন্য বিভিন্ন গল্পের বই (প্রতি স্কুলে আনুমানিক ৩০০ টি গল্পের বই) সরবরাহ করা

Room to Read Bangladesh
House 31 (4th - 6th floors), Road 4
Block F, Banani Model Town, Dhaka 1213
bangladesh@roomtoread.org | +88 02 2222 70322

ঠ. ৩৭৬ টি প্রাথমিক বিদ্যালয়ে সহায়ক শিক্ষা উপকরণ হিসাবে বর্ণের চার্ট, কার্ড, যুক্ত বর্ণের চার্ট ও কার্ড, রং পেন্সিল এবং বারাক্ষরিক চার্ট ইত্যাদি সরবরাহ করা

ড. সাক্ষরতা কার্যক্রমে পরিবার ও সমাজের সম্পৃক্ততা নিশ্চিতকরণে বছরে ৭৫২ টি সভা/ অধিবেশনের ম্যাধমে প্রায় ১৬,০০০ জন অংশগ্রহণকারীকে সচেতন করা।

ঢ. ৩৭৬ টি বিদ্যালয়ে বছরে অন্তত ০২ টি করে মোট ৭৫২ টি বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভা পরিচালনা করার জন্য সহায়তা প্রদান করা।

ণ. ২৭৬ প্রাথমিক বিদ্যালয়ের নির্বাচিত ১৩৮০ শিক্ষকদের জন্য পড়ার ঘন্টা পরিচালনা ও পাঠাগার ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান।

ত. জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাবৃন্দ, ইউআরসিসহ সকল কর্মকর্তাদের জন্য ২টি পর্যায়ে ৪ দিনের প্রশিক্ষণ বাস্তবায়ন

১৪. **কার্যক্রমের বাজেট:** ৫,৮৮,০১,১১০/- (পাচঁ কোটি আঠাশি লক্ষ এক হাজার একশত দশ টাকা মাত্র)

১৫। অভিষ্ঠ জনগোষ্ঠী/উপকারভোগী সংখ্যা:

| ক্রমিত নং | উপকারভোগীর ধরণ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | প্রাথমিক স্তরের শিক্ষার্থী | ৫৬,৮৬২ জন | |
| ০২ | মাধ্যমিক স্তরের শিক্ষার্থী | ৬৩৭ জন | |
| ০৩ | শিক্ষক | ২৯৬৩ জন | |
| ০৪ | শিক্ষা কর্মকর্তাবৃন্দ | ১৭ জন | |
| | মোট | ৬০,৪৭৯ জন | |

১৪। বাস্তবায়ন প্রক্রিয়া (সংক্ষেপে):

**সাক্ষরতা কার্যক্রম:** শিক্ষার্থীদের সাক্ষরতা উন্নয়নে পাঠাভ্যাস গঠন ও স্বাধীন পাঠক হিসেবে গড়ে উঠতে শ্রেণিকক্ষে পাঠাগার তৈরী এবং পাঠ সহায়ক গল্পের বই সরবরাহসহ অন্যান্য উপকরণ প্রকল্পভূক্ত বিদ্যালয়সমূহে সরবরাহ করা। শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক, প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিক্ষকদের বাংলা বিষয়, সম্পূরক উপকরণ (পড়ি-লিখি-শিখি বই) এর ব্যবহার এবং কৌশল সর্ম্পকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা। এর ফলে শিক্ষকগণ শ্রেণিকক্ষে **"আমি করি-আমরা করি-তুমি কর"** পদ্ধতি ব্যবহার করে পাঠদান করেন এবং শিক্ষার্থীরা সহজেই শিখনফল অর্জন করতে সক্ষম হয়। প্রাক-প্রাথমিক শিক্ষকদের সরকারি শিক্ষক সহায়িকার সাথে সমন্বয় করে শিখন উপকরণ প্রদান ও প্রশিক্ষণ এর মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা। এর ফলে শিক্ষকগণ শ্রেণি কার্যক্রমে রুম টু রিড এর পাঠদান কৌশল বাস্তবায়ন করে শিক্ষার্থীদের মৌখিক ভাষার/প্রমিত ভাষার উন্নয়ন সাধন করছেন। পড়ার অভ্যাস বৃদ্ধির লক্ষ্যে শিক্ষকগণদের পাঠগার ব্যবস্থাপনা ও কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়, ফলে শিক্ষকগণ নিয়মিত এসআরএম ক্লাস পরিচালনা করছেন এবং স্বাধীন পাঠক তৈরি করার জন্য ভুমিকা রাখছেন। শিক্ষকগণ ক্লাস রুটিনে পড়ার ঘণ্টা পিরিয়ড বরাদ্দ, ৪টি পড়া কার্যক্রম পরিচালনা ও নিয়মিত বই আদান-প্রদান নিশ্চিত করেন।

WORLD CHANGE STARTS WITH EDUCATED CHILDREN®

Room to Read

Room to Read Bangladesh
House 31 ($4^{th}$ - $6^{th}$ floors), Road 4
Block F, Banani Model Town, Dhaka 1213
bangladesh@roomtoread.org | +88 02 2222 70322

রুম টু রিড সহায়তা প্রাপ্ত বিদ্যালয়ে বছরে দুইবার ওয়ান-টু-ওয়ান পদ্ধতিতে প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের পড়ার অগ্রগতি যাচাই করা হয়। ফলে শিক্ষার্থীর ঘাটতিসমূহ চিহ্নিত করে তা উত্তরণের জন্য রুম টু রিড এর সহায়তায় শিক্ষকগণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করেন। পাশাপাশি উক্ত ফলাফল শিক্ষার্থীর অভিভাবকের সাথে পেরেন্টস্ মিটিং এর মাধ্যমে শেয়ার করা হয়। ফলশ্রুতিতে, অভিভাবকগণ শিক্ষার্থীদের বাড়িতে পড়ায় সহায়তা করতে পারে।

**মেয়েশিশুদের শিক্ষা সহযোগিতা কার্যক্রমঃ** মেয়েশিশুদের শিক্ষা চলমান রাখার জন্য মেন্টরিং এবং জীবনদক্ষতা শিক্ষা প্রদানের মধ্য দিয়ে তাদের শিক্ষার গুরুত্ব বোঝানো যাতে মেয়েশিশুরা মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করতে পারে এবং তাদের জীবনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগ্রহণে সক্ষম হয়। পাশাপাশি অভিভাবকদের এবং বিদ্যালয় কর্তৃপক্ষের সাথে বিভিন্ন সভা ও কর্মশালা এর মাধ্যমে মেয়েশিশুদের শিক্ষার গুরুত্ব তুলে ধরা এবং মেয়েশিশুদের ঝরে পড়া রোধের উপায় খুঁজে বের করে তা সমাধানে কাজ করা।

ধন্যবাদান্তে,

**রতন চক্রবর্ত্তী**
ফিল্ড ম্যানেজার
মোবাইলঃ +৮৮ ০১৭২০০৬১৬৮৬
ই- মেইলঃ ratan.chakraborty@roomtoread.org
হাজি আব্দুল বারী ও ফাতেমা ভিলা, জুড়ী রোড, উত্তর
কুলাউড়া (উত্তর কুলাউড়া উচ্চ বিদ্যালয়ের উত্তর পার্শ্বে),
কুলাউড়া, মৌলভীবাজার।
ওয়েবসাইটঃ bangladesh@roomtoread.org

WORLD CHANGE STARTS WITH EDUCATED CHILDREN®

Room to Read

# রুম টু রিড বাংলাদেশ এর মৌলভীবাজার জেলায় কার্যক্রম বাস্তবায়নের কয়েকটি স্থিরচিত্র, ২০২৫ ইংরেজি




রুম টু রিড এর কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণ কর্মশালায়
মাননীয় জেলা প্রশাসক মহোদয়, ডিসেম্বর ২০২৫




রুম টু রিড এর কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণ কর্মশালায়
মাননীয় অতিরিক্ত জেলা প্রশাসক মহোদয়, ডিসেম্বর ২০২৫




রুম টু রিড এর কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণ কর্মশালায়
মাননীয় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়, ডিসেম্বর ২০২৫



রুম টু রিড এর বাৎসরিক কার্যক্রম বাস্তবায়ন উপস্থাপন কর্মশালায়
মাননীয় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়, কুলাউড়া, নভেম্বর ২০২৫



স্থায়িত্বশীলতা এবং সম্প্রসারণ কর্মশালা, জুড়ি উপজেলা, ২০২৫, উপস্থিত জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাবৃন্দ, প্রধান শিক্ষক এবং এএমসি প্রতিনিধিগণ



রুম টু রিড এর কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণ কর্মশালায়
মাননীয় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়, জুড়ি, ডিসেম্বর ২০২৫




রুম টু রিড কর্তক আয়োজিত মেয়ে শিশুদের শিক্ষা সহায়তা কার্যক্রম এ মত বিনিময় সভায় মাননীয় জেলা শিক্ষা অফিসার.

## রুম টু রিড বাংলাদেশ এর মৌলভীবাজার জেলায় কার্যক্রম বাস্তবায়নের কয়েকটি স্থিরচিত্র, ২০২৫ ইংরেজি



সাব-ক্লাস্টার প্রশিক্ষণে রুম টু রিডের বিষয়বস্তু অর্ন্তভূক্তিকরণ অনুষ্ঠানে জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারী শিক্ষা কর্মকর্তাবৃন্দ।



' বুক ইন ব্যাগ'পাঠাগার ব্যবস্থাপনা ও পাঠাগার পঠণ কার্যক্রম বিষয়ক শিক্ষক প্রশিক্ষণে অংশ গ্রহণকারীবৃন্দ এবং রুম টু রিডের প্রতিনিধি ।



রুম টু রিড এর প্রশিক্ষণ কার্যক্রমে পিপিআই সুপারইনটেনডেন্ট, ডিপিইও, মৌলভীবাজার জেলা-২০২৫'



আর্ন্তজাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে মাননীয় জেলা শিক্ষা অফিসার, অন্যান্য অফিসারবৃন্দ এবং শিক্ষকরা যৌথভাবে দেয়ালিকা প্রকাশ করেন।



শিক্ষার্থীরা তাদের বিদ্যালয়ে দেয়ালিকায় রং সজ্জায় ব্যস্ত



শিক্ষক প্রশিক্ষণ, মেয়ে শিশু শিক্ষা সহযোগিতা কার্যক্রম, জুড়ী উপজেলা




*রুম টু রিড এর আয়োজনে 'আন্তর্জাতিক কন্যা শিশু দিবস-২০২৫' আয়োজনে উপস্থিত উপজেলা নির্বাহি কর্মকর্তা - জুড়ী উপজেলা।*



রুম টু রিড এর আয়োজনে প্রশিক্ষণে উপপরিচালক- মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অফিসার ইনচার্জ, প্রধান শিক্ষকবৃন্দ, ও একাডেমিক সুপারভাইজার - জুড়ী উপজেলা।